

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৫৮  
করবুক, ৩০ অক্টোবর, ২০২৩

**করবুক ব্লকভিত্তিক কৌশল মেলা**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের করবুক শাখার উদ্যোগে সম্প্রতি করবুক ব্লকভিত্তিক কৌশল মেলার আয়োজন করা হয়। সালকা করবুক ভিলেজের আনন্দবাজারে অনুষ্ঠিত এই মেলার উদ্বোধন করেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা। উদ্বোধকের ভাষণে বিএসি'র ভাইস চেয়ারম্যান শ্রী ত্রিপুরা কৌশল মেলায় ব্লকের বেকার যুবক যুবতীদের পণ্ডিত দীন দয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল বিকাশ যোজনায় প্রশিক্ষণ নিয়ে নিজেদের স্বনির্ভর করে গড়ে তোলার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের গোমতী জেলা আধিকারিক উত্তম কুমার সাহা, সমাজসেবী অতীন্দ্র রিয়াং, ভগীরথ রিয়াং সহ বিভিন্ন স্বসহায়ক দলের সদস্যগণ। অনুষ্ঠান শেষে অতিথিগণ কারিগরি শিল্পে প্রশিক্ষণ প্রদানকারী সংস্থার স্টলগুলি ঘুরে দেখেন।

মেলায় রাজ্যের ও বহিঃরাজ্যের বিভিন্ন সংস্থা যেমন শান্তি জিডি ইন্সপাত এন্ড পাওয়ার প্রাইভেট লিমিটেড, আরুথাল ফাইন্ডেশন, জোসেফ শ্রী হর্ষ এন্ড মেরি ইন্দ্রাজা এবং ভি মার্ট রিটেল লিমিটেডের প্রতিনিধিরা অংশগ্রহণ করে। এই কৌশল মেলায় ব্লকের মোট ৪০ জন বেকার যুবক যুবতী সুবিধা গ্রহণ করে। উল্লেখ্য, করবুক ব্লকে এখন পর্যন্ত ২৩০ জন বেকার যুবক যুবতী এই যোজনায় সুবিধা গ্রহণ করেছেন এবং ৮০ শতাংশের উপর প্রশিক্ষণার্থীদের বিভিন্ন কারিগরি প্রতিষ্ঠানে প্লেসমেন্ট দেওয়া হয়েছে।

\*\*\*\*\*